# ***পাস-থ্রু পেমেন্ট বা কিউমিউলেটিভ এক্সেস সাপোর্ট পেমেন্টের জন্য একটি প্রথম-পর্যায়ের ডেস্ক রিভিউয়ের অনুরোধ*** **পূরণ করার জন্য তথ্য ও নির্দেশনা**

প্রক্রিয়া শুরুর করার **পূর্বে** অনুগ্রহ করে সাথে প্রদত্ত "আমি কী করে জানবো আমার একটি ডেস্ক রিভিউ অনুরোধ করা উচিত কিনা?" ইনসার্টটি পড়ুন।

এই তথ্য এছাড়াও https://www.childsupport.ny.gov/dcse/desk_review.html এ পাওয়া যাবে।

## তথ্য - সংজ্ঞাসমূহ

**সাপোর্ট অধিকারসমূহ অর্পণ:** যখন আপনি টেম্পোরারি অ্যাসিস্টেন্সের (Temporary Assistance, TA) জন্য আবেদন করবেন, এবং যতদিন আপনি TA পাবেন, আপনি আপনার নিজের জন্য বা অন্য যার জন্য আপনি TA-র আবেদন করছেন বা TA পাচ্ছেন তার সাপোর্ট পেমেন্ট পাওয়ার অধিকার সামাজিক সেবা জেলাকে (জেলা) অর্পণ বা হস্তান্তর করবেন। অর্থাৎ আপনি যখন TA পাবেন তখন জেলা আপনার বা আপনার পরিবারের পক্ষে গৃহীত সাপোর্ট সংগ্রহ রেখে দিবে। জেলা সেই সাপোর্ট ব্যবহার করে আপনাকে বা আপনার পরিবারকে প্রদত্ত TA পরিশোধ করে নিবে। **পরিশোধিত TA-র মধ্যে রয়েছে একজন বাড়িওয়ালা, ইউটিলিটি কোম্পানি, বা অন্য কোনও বিক্রেতাকে আপনার পক্ষে প্রদত্ত সরাসরি পেমেন্ট।**

**পাস-থ্রু পেমেন্টসমূহ:** যদি বর্তমান সাপোর্ট দায় যেই মাসে পাওয়ার কথা সেই মাসেই পরিশোধিত হয়, তাহলে জেলা আপনাকে TA অনুদানের পাশাপাশি এই নির্ধারিত সংগৃহীত সাপোর্টের একটি অংশও প্রদান করবে। আপনাকে প্রদত্ত চাইল্ড সাপোর্ট পেমেন্টের অংশটিকে বলা হয় একটি **পাস-থ্রু পেমেন্ট।** আপনি কী পরিমাণ পাস-থ্রু পেমেন্ট পাবেন তা নির্ভর করে আপনার TA মামলায় সক্রিয় থাকা 21 বছরের কম বয়সী ব্যক্তির সংখ্যার উপর এবং বর্তমানে প্রতি মাসে সংগৃহীত সাপোর্ট দায়ের পরিমাণের উপর। **পাস-থ্রু পেমেন্টের পরিমাণ যত পর্যন্ত হতে পারে:**

- TA মামলায় 21 বছরের কম বয়সী একজন ব্যক্তি সক্রিয় থাকা একটি পরিবারের জন্য বর্তমান সংগৃহীত সাপোর্টে প্রতি মাসে 100.00 মার্কিন ডলার বা বর্তমানে সংগৃহীত সাপোর্টের দায় পর্যন্ত, দুটির মধ্যে যেটি কম হয়; বা
- TA মামলায় 21 বছরের কম বয়সী দুই বা তার অধিক ব্যক্তি সক্রিয় থাকা একটি পরিবারের জন্য বর্তমান সংগৃহীত সাপোর্টে প্রতি মাসে 200.00 মার্কিন ডলার বা বর্তমানে সংগৃহীত সাপোর্টের দায় পর্যন্ত, দুটির মধ্যে যেটি কম হয়।

আপনি একটি **পাস-থ্রু পেমেন্টের** জন্য প্রথম-পর্যায়ের ডেস্ক রিভিউয়ের অনুরোধ করতে পারবেন আপনার অনুরোধের তারিখ থেকে বিগত ক্যালেন্ডার বছরের 1 জানুয়ারি পর্যন্ত পুরো বা আংশিক সময়ের জন্য।

**কিউমিউলেটিভ এক্সেস সাপোর্ট পেমেন্ট:** যদি আপনার TA মামলা শুরু হওয়ার পর থেকে আপনাকে বা আপনার পরিবার জেলাতে যেই সকল সময়কালে TA পেয়েছে সেই সময়ের মোট TA পরিমাণ যদি সংগৃহীত এবং জেলা কর্তৃক রেখে দেওয়া সাপোর্টের পরিমাণ থেকে বেশি হয়, তাহলে আপনার সাপোর্টের বাড়তি অংশ পাওয়ার অধিকার আছে।
**কিউমিউলেটিভ এক্সেস সাপোর্ট পেমেন্ট** হলো জেলা কর্তৃক সংগৃহীত এবং রেখে দেওয়া অতিরিক্ত সাপোর্টের পরিমাণের সমান আপনাকে প্রদত্ত পেমেন্ট।

একটি **কিউমিউলেটিভ এক্সেস সাপোর্ট পেমেন্টের** জন্য একটি প্রথম-পর্যায়ের ডেস্ক রিভিউয়ের যোগ হতে, আপনার করা এই অনুরোধের তারিখ এবং বিগত ক্যালেন্ডার বছরের 1 জানুয়ারির মধ্যে কোনও একটি সময়ে একটি সংগৃহীত সাপোর্ট পেতে এবং বিতরণ করা হয়ে থাকতে হবে। কিন্তু আপনি যদি একবার একটি কিউমিউলেটিভ এক্সেস সাপোর্টের ডেস্ক রিভিউয়ের জন্য যোগ্য নির্ণীত হন, তাহলে আপনার জেলায় আপনি TA পাওয়ারত সকল সময়কালের জন্য রিভিউ করা হবে।

## ফর্ম পূরণের নির্দেশনা

### সেকশন A - আপনার তথ্য

লিখুন আপনার:

- পূর্ণ নাম।
- সোশ্যাল সিকিউরিটি নম্বর (Social Security Number, SSN) বা ইন্ডিভিজুয়াল ট্যাক্সপেয়ার আইডেন্টিফিকেশন নম্বর (Individual Taxpayer Identification Number, ITIN)। একটি ITIN হলো নয়-অঙ্কের একটি সংখ্যা যা "9" দ্বারা শুরু হয় এবং যা ইন্টারনাল রেভিনিউ সার্ভিস (Internal Revenue Service, IRS) কর্তৃক ইস্যু করা হয় বিদেশি নাগরিক এবং যাদের একটি মার্কিন ট্যাক্সপেয়ার আইডেন্টিফিকেশন নম্বর প্রয়োজন কিন্তু যাদের সোশ্যাল সিকিউরিটি প্রশাসন (Social Security Administration) থেকে একটি SSN নেই, বা পাওয়ার যোগ্যতা নেই তাদের জন্য।
- সম্পূর্ণ বর্তমান চিঠি লেখার ঠিকানা, নম্বর এবং স্ট্রিট ঠিকানা (বা পোস্ট অফিস বক্স), শহর, স্টেট, এবং জিপ কোডসহ।
- টেলিফোন নম্বর, এরিয়া কোডসহ।
- ক্লায়েন্ট আইডেন্টিফিকেশন নম্বর (Client Identification Number, CIN)।
- টেম্পোরারি অ্যাসিস্টেন্স মামলা নম্বর (Temporary Assistance Case Number, TA CAN[s]) (সমূহ)।
- নিউ ইয়র্ক কেস আইডেন্টিফায়ার (New York Case Identifier[s]) (সমূহ) (চাইল্ড সাপোর্ট অ্যাকাউন্ট নম্বর[সমূহ]) আপনার যদি একটির বেশি চাইল্ড সাপোর্ট অ্যাকাউন্ট থাকে, অনুগ্রহ করে আপনার সকল নিউ ইয়র্ক কেস আইডেন্টিফায়ার দিন।

## সেকশন B - অনুরোধের ধরন

আপনার ডেস্ক রিভিউয়ের অংশ হিসেবে, আপনি সাপোর্ট সংগ্রহ ইউনিটের (Support Collection Unit, SCU) সাথে একটি কনফারেন্সের জন্য অনুরোধ করতে পারবেন। কনফারেন্সটি নিজে উপস্থিত থেকে বা টেলিফোনে হতে পারে এবং এটি আপনাকে নথিপত্র উপস্থাপন করতে দেয় এবং/অথবা আপনি কেন মনে করেন আপনার অতিরিক্ত পেমেন্ট পাওনা আছে তা আলোচনা করতে দেয়।

আপনি যদি আপনার ডেস্ক রিভিউয়ের অংশ হিসেবে একটি কনফারেন্স **না** চান, তাহলে "আমি প্রথম-পর্যায়ের ডেস্ক রিভিউয়ের অনুরোধ করছি" বাছাই করুন। আপনি যদি আপনার ডেস্ক রিভিউয়ের অংশ হিসেবে একটি কনফারেন্স চান, তাহলে "আমি সাপোর্ট সংগ্রহ ইউনিটের সাথে একটি কনফারেন্স এবং একটি প্রথম-পর্যায়ের রিভিউয়ের অনুরোধ করছি" বাছাই করুন। অনুগ্রহ করে আপনার সাথে যোগাযোগের সেরা সময়টি এবং সেটি দিনে না রাতে তা আমাদের জানিয়ে দিন।

## সেকশন C - রিভিউয়ের ধরন

- আপনি কি ধরনের ডেস্ক রিভিউয়ের অনুরোধ করছেন তা বাছাই করুন: পাস-থ্রু পেমেন্ট অথবা কিউমিউলেটিভ এক্সেস সাপোর্ট পেমেন্ট
- আপনি যদি **পাস-থ্রু পেমেন্টের** জন্য একটি ডেস্ক রিভিউয়ের অনুরোধ করেন, তাহলে আপনাকে অবশ্যই আমাদেরকে জানাতে হবে আপনি কোন সময়কালের জন্য ডেস্ক রিভিউয়ের অনুরোধ করছেন। একটি পাস-থ্রু পেমেন্টের ডেস্ক রিভিউয়ের জন্য সময়কাল যেই মাসে অনুরোধটি করা হচ্ছে সেই ক্যালেন্ডার বছর এবং তার পূর্বের ক্যালেন্ডার বছরে সীমাবদ্ধ থাকবে, এবং শুধু সেই সব মাসের জন্যই হবে যখন সাপোর্ট অধিকার অর্পণ কার্যকর ছিলো। উদাহরণস্বরূপ, আপনি যদি এই ক্যালেন্ডার বছরের যেকোনও সময়ে পাস-থ্রু পেমেন্টের জন্য একটি ডেস্ক রিভিউয়ের অনুরোধ করেন, তাহলে বিগত ক্যালেন্ডার বছরের জানুয়ারি মাসের পূর্বের কোনও মাসের জন্য রিভিউ করা যাবে না।
  - আপনি যেই বছরের যেই মাসে ডেস্ক রিভিউ শুরু করতে চান এবং যেই বছরের যেই মাসে ডেস্ক রিভিউ শেষ করতে চান, তা লিখুন।
- আপনি যদি একটি **কিউমিউলেটিভ এক্সেস সাপোর্ট পেমেন্টের জন্য ডেস্ক রিভিউয়ের** অনুরোধ করেন, তাহলে রিভিউয়ের সময়কাল হবে আপনার TA পাওয়ার সম্পূর্ণ সময়কাল। ডেস্ক রিভিউ সময়কাল শুরু হবে আপনি প্রথম যেই তারিখে TA পেয়েছেন সেইদিন থেকে এবং শেষ হবে শেষ যেই মাসে আপনার প্রাপ্ত TA পুনরায় পরিশোধ করার জন্য জেলা চাইল্ড সাপোর্ট রেখে দিয়েছে সেই মাসে।
- আপনি কী কী কারণে একটি ডেস্ক রিভিউয়ের অনুরোধ করছেন আমাদের বলুন। উদাহরণ, আপনি বলতে পারেন যে "আমি মে 20XX এর জন্য একটি পাস-থ্রু পেমেন্ট পাইনি"।
- আপনি আপনার ডেস্ক রিভিউ অনুরোধের সমর্থনে নথিপত্র যুক্ত করতে পারেন। আপনাকে যেসকল নথিপত্র যুক্ত করতে হতে পারে তার উদাহরণ হলো 1) সংগৃহীত *সাপোর্টের মাসিক রিপোর্ট, 2) এক্সেস সাপোর্ট চিঠিসমূহ,* বা 3) আমাদের থেকে পাওয়া অন্য যেকোনও নোটিশ। আপনি যদি নথিপত্র সংযুক্ত করেন, তাহলে অনুগ্রহ করে "হ্যাঁ" ঘরটি বাছাই করুন। আপনি যদি নথিপত্র সংযুক্ত না করেন, অনুগ্রহে করে "না" ঘরটি বাছাই করুন।

## সেকশন D - স্বাক্ষর ও তারিখ

- আপনার পূর্ণ নাম স্বাক্ষর করুন।
- আপনার পূর্ণ নাম মুদ্রিত করুন।
- আপনি যেই তারিখে ফর্মটি স্বাক্ষর করেছেন তা লিখুন।

**আপনার পূরণকৃত অনুরোধ ফর্ম ফেরত দেওয়া:** পাস-থ্রু পেমেন্ট বা *কিউমিউলেটিভ এক্সেস সাপোর্ট পেমেন্টের জন্য একটি প্রথম-পর্যায়ের ডেস্ক রিভিউয়ের* অনুরোধ ফর্মটি পূরণ করে ফেলার পর, পূরণকৃত ফর্মটি এবং সকল নথিপত্র আপনার চাইল্ড সাপোর্ট অ্যাকাউন্ট ব্যবস্থাপনা করে যে SCU, সেখানে জমা দিন। আপনি অনলাইনে যেকোনও SCU-র ঠিকানা পাবেন https://www.childsupport.ny.gov/DCSE/LocalOffices এ। যথাযথ কাউন্টি নির্বাচন করুন। কাউন্টি যোগাযোগ তথ্য পেজের *ডেস্ক রিভিউয়ের* জন্য অংশের অধীনে প্রদত্ত ঠিকানা ব্যবহার করুন। আপনি যদি অনিশ্চিত হন যে কোন SCU-তে ফর্মটি ফেরত দিতে হবে, অনুগ্রহ করে টোলমুক্ত নম্বর **888-208-4485 (টেলিটাইপরাইটার (teletypewriter, TTY)**: **866-875- 9975) এ চাইল্ড সাপোর্ট হেল্পলাইনে** ফোন করুন, সোমবার থেকে শুক্রবার, সকাল 8:00টা থেকে সন্ধ্যা 7:00টা পর্যন্ত। স্বীকৃত রিলে সেবা (Relay Service) প্রদানকারীদের একটি তালিকা পাওয়া যাবে https://www.fcc.gov/general/internet-based-trs-providers এ।

আপনি পূরণকৃত ফর্ম জমা দেওয়ার পর, SCU এবং TA ইউনিট আপনার অনুরোধ রিভিউ করবে এবং SCU কর্তৃক আপনার লিখিত অনুরোধ পাওয়ার তারিখের 45 কর্মদিবসের মধ্যে আপনাকে একটি লিখিত উত্তর প্রেরণ করবে। আপনি সঠিক পরিমাণ সাপোর্ট পেয়েছেন কিনা তা ডেস্ক রিভিউ নির্ণয় করবে। আপনার যদি অতিরিক্ত পেমেন্ট পাওনা থাকে, থামলে নির্ণয়ের চিঠির তারিখের 30 ক্যালেন্ডার দিবসের মধ্যে এটি অবশ্যই আপনাকে প্রদান করা হবে। TA ইউনিট পেমেন্টটি আপনারা ইলেক্ট্রনিক বেনিফিট ট্রান্সফার (Electronic Benefit Transfer, EBT) কার্ডে দিতে পারে বা, কোনও কোনও ক্ষেত্রে আপনাকে একটি চেক দিতে পারে। যদি আপনাকে অনেক বেশি সাপোর্ট প্রদান করা হয়ে থাকে, তাহলে অতিরিক্ত প্রদত্ত অর্থ TA ইউনিট ফেরত নিতে পারবে।

আপনার যদি ফর্ম বা নির্দেশনা নিয়ে কোনও প্রশ্ন থাকে, বা যদি এই তথ্য পড়ার পর আপনার মনে হয় আপনার সমস্যার জন্য একটি ডেস্ক রিভিউয়ের প্রয়োজন নেই, তাহলে উপরে প্রদত্ত ফোন নম্বরে চাইল্ড সাপোর্ট হটলাইনে (Child Support Helpline) যোগাযোগ করুন।